# Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)

(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/৪২৯

তারিখঃ ১৫ আশ্বিন ১৪৩২ / ৩০ সেপ্টেম্বর ২০২৫

**প্রাপক:**
**সম্মানিত সদস্য (সকল)**
বায়রা।

**বিষয়ঃ রিক্রুটিং এজেন্সীর ওয়েবসাইট সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৯.০০.০০০০.০৩৯.৯৯.০৮৯.২৫-৯০, তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

জনাব

আস্-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে গত ২৩/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত "অভিবাসন সংক্রান্ত ডাটাবেজের ব্যবহার ও নিরাপত্তা বিষয়ে অবহিতকরণ" শীর্ষক সেমিনার/কর্মশালায় রিক্রুটিং এজেন্সী সমূহের ওয়েবসাইটে নির্ধারিত মানদন্ড অনুযায়ী তথ্যসমূহ যেমন: কর্মী প্রেরণের দেশের তালিকা, কাজের তালিকা, প্রেরিত কর্মীর তালিকা, সাব-এজেন্টদের তালিকা (যদি থাকে), অফিস স্টাফদের বিবরণ ইত্যাদি উল্লেখ থাকার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়াদির উপর গুরুত্বারোপের ভিত্তিতে যে সকল রিক্রুটিং এজেন্সীর নিজস্ব স্বয়ংসম্পূর্ণ ওয়েবসাইট নেই তাদের এজেন্সীর ওয়েবসাইট হোষ্ট করা এবং ইতোমধ্যে ওয়েবসাইট করা হয়ে থাকলে এর লিংক বায়রা সচিবালয়ে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ বিষয়ে প্রয়োজন হলে আইটি অফিসার, বায়রা'র সাথে যোগাযোগ (০১৯২৫-৬৮১৫১২) করা যেতে পারে।

বায়রা'র পক্ষে

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

**অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ**

১। সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ)
২। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৩। প্রশাসক, বায়রা, ঢাকা।
৪। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৫। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

**BAIRA BHABAN:** 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd